অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্থানীয় জরুরি পরিকল্পনা ও প্রতিক্রিয়ায় সমর্থন করতে ফেডারেল ফান্ডে 7.6 মিলিয়ন মার্কিন ডলার লাভের ঘোষণা করেন

তহবিল নিউ ইয়র্কের কাউন্টিসমূহ এবং নিউ ইয়র্ক সিটির জরুরি পরিকল্পনার প্রচেষ্টা এবং কার্যকরী প্রস্তুতিকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট এবং কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সিগুলোর জন্য ফেডারেল তহবিলে 7.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে যাতে নিউ ইয়র্ক স্টেটের দুর্যোগ মোকাবেলা পরিকল্পনা ও কার্যকরী প্রস্তুতিকে সমর্থন করা যায়। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট পারফরমেন্স গ্রান্ট যা ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি প্রদত্ত একটি বার্ষিক অনুদান প্রোগ্রাম, যার মাধ্যমে প্রদত্ত তহবিল কাউন্টি পর্যায়ে জরুরি প্রতিক্রিয়া রিসোর্স অর্জনের প্রশিক্ষণ এবং অনুশীলন উন্নয়ন ও বাস্তবায়ন থেকে শুরু করে প্রচেষ্টাকে সমর্থন করে।

"আমরা আমাদের স্টেটের জরুরি অবস্থা মোকাবেলা পরিকল্পনা এবং সাড়া দেওয়া জোরদার করায় ফোকাস করছি যাতে নিশ্চিত করা যায় যে নিউ ইয়র্ক দুর্যোগের আঘাত এলে প্রস্তুত থাকবে," **গভর্নর হোকল বলেন।** "কাউন্টির জরুরি অবস্থা পরিচালকদের আমাদের সর্বাত্মক সমর্থনের প্রয়োজন এবং এই তহবিল প্রশিক্ষণ কার্যক্রমকে সমর্থন করবে এবং এজেন্সিগুলিকে তাদের সম্প্রদায়ে যেকোনো ধরনের দুর্যোগে সাড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় উৎস পেতে সক্ষম করবে।"

এই তহবিল অ্যাক্সেস করার জন্য, কাউন্টিগুলিকে অবশ্যই এমন প্রকল্প বা উদ্যোগ তৈরি করতে হবে যা সকল সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় তাদের নিজস্ব প্রস্তুতি এবং প্রতিক্রিয়া ক্ষমতাকে শক্তিশালী করবে। প্রকল্পগুলি ফেডারল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এর চিহ্নিত প্রচেষ্টাগুলিতে ফোকাস করতে পারে, এর মধ্যে রেছে লজিস্টিক এবং ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট পরিকল্পনা, উদ্বাসনের পরিকল্পনা, দুর্যোগের আর্থিক ব্যবস্থাপনা, বিপর্যয়ের ক্ষেত্রে আবাসন এবং স্থিতিশীল যোগাযোগ।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "DHSES এ, আমরা স্থানীয় পর্যায়ে আমাদের অফিস অফ

ইমারজেন্সি ম্যানেজমেন্টের কর্মী এবং কাউন্টির জরুরি অবস্থা পরিচালনাকারী কর্মকর্তাদের অংশীদারিত্বের উপর নির্ভর করি যাতে দ্রুত এবং উপযুক্তভাবে দুর্যোগের প্রতি সাড়া দেওয়া যায়। এই ফেডারেল তহবিল আমাদের কাউন্টির জরুরি অবস্থার পরিচালকদের নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে তাদের প্রস্তুতি কার্যক্রম জোরদার করতে সহায়তা করবে।"

তহবিল এই কার্যক্রমগুলি সমর্থন করতে ব্যবহার করা যেতে পারে:

1. ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রম।
2. পরিকল্পনা।
3. ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির জন্য স্টাফি।
4. সরঞ্জাম।
5. প্রশিক্ষণ ও অনুশীলন।
6. জরুরি অপারেশন সেন্টারগুলি নির্মাণ ও সংস্কার।
7. ভৌগলিক তথ্য ব্যবস্থা (Geographic Information Systems, GIS) এবং ইন্টারঅপারেবল কমিউনিকেশন সিস্টেমের রক্ষণাবেক্ষণ ও টেকসইতা বজায় রাখা।

স্থানীয় জরুরি ব্যবস্থাপনা সংস্থার জন্য উপলব্ধ পুরস্কারের পরিমাণ নিচে দেওয়া হলো:

অনুদান গ্রহীতা	**অনুদানের পরিমাণ**
Albany	$119,708
Allegany	$23,456
Broome	$80,641
Cattaraugus	$35,286
Cayuga	$35,176
Chautauqua	$55,869
Chemung	$38,496
Chenango	$24,034
Clinton	$35,968
Columbia	$28,792
Cortland	$23,603
Delaware	$23,092
Dutchess	$117,175
Erie	$351,547
Essex	$19,845
Franklin	$24,457
Fulton	$25,939
Genesee	$27,654
Greene	$23,560
Hamilton	$6,824

Herkimer	$29,328
Jefferson	$48,827
Lewis	$15,214
Livingston	$29,658
Madison	$32,693
Monroe	$285,673
Montgomery	$23,936
Nassau	$510,104
New York City	$3,087,637
Niagara	$86,625
Oneida	$93,567
Onondaga	$181,104
Ontario	$45,698
Orange	$145,578
Orleans	$21,170
Oswego	$51,044
Otsego	$28,476
Putnam	$42,598
Rensselaer	$65,117
Rockland	$122,529
Saratoga	$87,808
Schenectady	$63,344
Schoharie	$17,349
Schuyler	$11,917
Seneca	$18,292
St. Lawrence	$47,211
Steuben	$42,327
Suffolk	$568,105
Sullivan	$34,241
Tioga	$24,278
Tompkins	$43,297
Ulster	$73,814
Warren	$29,776
Washington	$28,837
Wayne	$40,359
Westchester	$362,887
Wyoming	$20,896
Yates	$14,558

মোট	$7,596,995

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস (Division of Homeland Security and Emergency Services, DHSES) এর নিউ ইয়র্ক স্টেট বিভাগ FEMA এর পক্ষে এই তহবিল পরিচালনা করবে। DHSES প্রতিটি অধিক্ষেত্রের জরুরি ব্যবস্থাপনার অফিসের সাথে সরাসরি যোগাযোগ করবে যাতে তহবিল যত দ্রুত সম্ভব উপলভ্য করা নিশ্চিত করা যায়।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন সন্ত্রাসবাদ, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এর জন্য প্রস্তুতি, সাড়াদান, ও পুনরুদ্ধারের প্রচেষ্টার ক্ষেত্রে নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। For more information, find us on Facebook, follow us on Twitter or Instagram or visit our website.

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418